দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 04 NOV 1988
পৃষ্ঠা 4 কলাম 5

07

## শিশুদের পাঠ্য-পুস্তক 'আমার বই'-এ বিভ্রান্তি

জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ড কর্তৃক প্রকাশিত দ্বিতীয় শ্রেণীর বাংলা পাঠ্যপুস্তক "আমার বই"-এ উড়োজাহাজ শীর্ষক রচনায় হাল্কা শব্দটি প্রথমে 'হালকা' বানানে লিখে একই রচনায় পরবর্তীতে যুক্তাক্ষরে 'হাল্কা' লেখা হয়েছে। কোমলমতি শিশুরা কোন বানান ব্যবহার করবে? ইচ্ছাকৃতভাবে শিশুদেরকে বিভ্রান্ত করাই কি বোর্ডের উদ্দেশ্য? বীর শ্রেষ্ঠ নুর মোহাম্মদ রচনার শেষভাগে শব্দার্থ অংশে 'বজ্রকণ্ঠ' শব্দের উল্লেখ করে শব্দার্থ দেওয়া হয়েছে। অথচ ঐ রচনার কোথাও একবারও 'বজ্রকন্ঠ' শব্দটি ব্যবহৃত হয়নি। বইটির সম্পাদনায় বেশ কয়েকজন ব্যক্তির নাম আছে। তারা বেশ মোটা পারিশ্রমিকও গ্রহণ করে থাকেন সম্পাদনা ও রচনার কাজে। অথচ তাদের কারোরই কি একবারও বিবেকে বাধেনি এই চটি বইটি না পড়ে, না সংশোধন করে শিশুদের হাতে দিয়ে অর্থ গ্রহণ করতে? এই বিবেকহীন সম্পাদক/রচয়িতাদের অবিলম্বে বাতিল করে শিশু শিক্ষার মত সংবেদনশীল বিষয়ে উপযুক্ত ব্যক্তিদের নিয়োগের দাবী জানাচ্ছি। এই সাথে দুর্বল ভাষায় রচিত আকর্ষণহীন রচনাসমূহ এই বইটি থেকে বাদ দেয়ার জন্যও দাবী জানাচ্ছি।

জুবাইদা আখতার
স্টাফ কোয়ার্টার
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়,
সাভার, ঢাকা।